

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর
৯২-৯৩ মহাখালী, বা/এ, ঢাকা-১২১২।
www.ddm.gov.bd

স্মারক নং- ৫১.০১.০০০০.০১৯.০৯৬.৫৩.১৩-৬৯

তারিখঃ ২৭ ফাল্গুন ১৪২১ বাংলা
০৬ মার্চ ২০১৫ খ্রিঃ।

বিষয় : ২০১৪-২০১৫ অর্থ বছরের “অতিদরিদ্রদের জন্য কর্মসংস্থান” কর্মসূচির ১ম পর্যায়ের কার্যক্রম বাস্তবায়নের সমাপ্তি প্রতিবেদন দাখিল ও ২য় পর্যায়ের কার্যক্রমের প্রস্তুতি গ্রহণ প্রসংগে।

সূত্র : এ অধিদপ্তরের স্মারক নং- ৫১.০১.০০০০.০১৯.০৯৬.৫৩.১৩-৪২৬, তারিখ : ০৪/১২/২০১৪খ্রিঃ।

উপর্যুক্ত বিষয়ে জানানো যাচ্ছে যে, ২০১৪-২০১৫ অর্থ বছরে “অতিদরিদ্রদের জন্য কর্মসংস্থান” কর্মসূচির আওতায় ১ম পর্যায়ের কার্যক্রমের সমাপ্তি প্রতিবেদন ও অব্যয়িত অর্থ সরকারি কোষাগারে জমা দিয়ে চালানের কপি এ কার্যালয়ে ২০/০২/২০১৫ তারিখের মধ্যে দাখিলের জন্য নির্দেশনা প্রদান করা হয়। পরবর্তীতে এ কর্মসূচি বাস্তবায়নের সময়সীমা আগামী ২৫/০২/২০১৫খ্রিঃ পর্যন্ত বর্ধিত করা হয়েছে। মাঠ পর্যায় হতে প্রাপ্ত সাপ্তাহিক অগ্রগতি প্রতিবেদন পর্যালোচনায় দেখা যায়, কোন কোন উপজেলায় অনেক বিলম্বে ১ম পর্যায়ের কার্যক্রম শুরু হয়েছে। ২য় পর্যায়ের কার্যক্রম বাস্তবায়নে যাতে এ অবস্থার সৃষ্টি না হয় সে লক্ষ্যে প্রয়োজনীয় প্রস্তুতি এখনই শুরু করা প্রয়োজন। কার্যক্রম শুরুর সম্ভাব্য তারিখ ১৪/০৩/২০১৫খ্রিঃ।

২। এমতাবস্থায়, ২০১৪-২০১৫ অর্থ বছরে “অতিদরিদ্রদের জন্য কর্মসংস্থান” কর্মসূচির আওতায় ১ম পর্যায়ের কার্যক্রম বাস্তবায়নের সমাপ্তি প্রতিবেদন ও অব্যয়িত অর্থ (যদি থাকে) সরকারি কোষাগারে জমা দিয়ে চালানের কপি এ কার্যালয়ে আগামী ০৮/০৩/২০১৫খ্রিঃ তারিখের মধ্যে ডাকযোগে/বিশেষ বাহক মারফত প্রেরণ নিশ্চিতকরণসহ ২য় পর্যায়ের কার্যক্রম যাতে আগামী ১৪/০৩/২০১৫খ্রিঃ (সম্ভাব্য তারিখ) হতে শুরু করা যায় সে লক্ষ্যে প্রয়োজনীয় প্রস্তুতি গ্রহণের জন্য অনুরোধ করা হলো।

উপজেলা নির্বাহী অফিসার

.....

..... (সকল)

 ০৬.৬.১৫

মোহাম্মদ আবদুল ওয়াজেদ
(অতিরিক্ত সচিব)

মহাপরিচালক

দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর

dg@ddm.gov.bd

অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো:-

- ১। সচিব, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২। কমিশনার, বিভাগ(সকল)।
- ৩। জেলা প্রশাসক,(সকল)
- ৪। জেলা ত্রাণ ও পুনর্বাসন কর্মকর্তা,(সকল)।
- ৫। উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা,(সকল)।